দৈনিক
ইত্তেফাক

তারিখ 9 FEB 2009
পৃষ্ঠা ৩ কলাম ৫

# আটদফা দাবিতে জবির শিক্ষার্থীদের শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) বেদখল হওয়া ১২টি হল উদ্ধার, পুলিশের হামলার বিচার এবং শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারসহ ৮ দফার দাবিতে প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা শিক্ষা মন্ত্রণালয় বরাবর স্মারকলিপি প্রদান করেছে। একই দাবিতে শিক্ষার্থীরা পদযাত্রা কর্মসূচিও পালন করে। গতকাল রবিবার 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় হল পুনরুদ্ধার ও ছাত্র অধিকার রক্ষা আন্দোলনের ব্যানারে' শিক্ষার্থীরা এসব কর্মসূচি পালন করে।

গতকাল সকাল ১১টায় আন্দোলনকারীরা কেন্দ্রীয় শহীদ মিনারে একত্রিত হয়ে শিক্ষা মন্ত্রণালয়ের অভিমুখে পদযাত্রা কর্মসূচি বের করে। দোয়েল চত্বরের সামনে পুলিশ পদযাত্রা কর্মসূচিতে বাধা প্রদান করে। পরে শিক্ষার্থীরা সেখানেই অবস্থান নেয় এবং বিক্ষোভ সমাবেশ পালন করে। সমাবেশে শিক্ষার্থীরা বলেন, গত ২৭ জানুয়ারি হল উদ্ধারের দাবিতে শিক্ষার্থীদের শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশ নির্বিচারে লাঠিচার্জ করে। ছাত্র-ছাত্রীদের যৌক্তিক ও অধিকার সংশ্লিষ্ট আন্দোলনকে স্তিমিত করার জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া হয়েছে। হল উদ্ধার না হওয়া পর্যন্ত তারা আন্দোলন কর্মসূচি চালিয়ে যাবেন বলে জানান। এ সময় সংগঠনটির আহবায়ক বকুল মুন্সী ও সদস্য সচিব মাসুদ রানার নেতৃত্বে ছয় সদস্যের একটি প্রতিনিধি দল শিক্ষা মন্ত্রণালয় গিয়ে স্মারকলিপি প্রদান করে।